

★ একচেটিয়া ফার্মের স্বল্পকালে ভারসাম্য আলোচনা কর।


একচেটিয়া বাজারে স্বল্পকালে ফার্ম ৩ ভাবে ভারসাম্য অর্জন করতে পারে। যথা:

১. লাভসহ ভারসাম্য
২. লোকসানসহ ভারসাম্য
৩. স্থির ভারসাম্য

ভারসাম্য অর্জনের ক্ষেত্রে শর্তাবলি: ১. $MR = MC$ ২. MC রেখা নিচের দিক হতে MR রেখাকে ছেদ করে।

উপরোক্ত শর্তের ভিত্তিকে একচেটিয়া বাজারের ভারসাম্য নিম্নে আলোচনা করা হল:

১. লাভসহ ভারসাম্য: স্বল্পকালে ফার্মের মোট ব্যয় থেকে মোট আয় বেশি হলে ফার্ম লাভসহ ভারসাম্য অর্জন করে। নিম্নে বিষয়টি চিত্রের সাহায্যে দেখানো হল:



চিত্রে e হলো ভারসাম্য বিন্দু ও OM হলো ভারসাম্য উৎপাদন।

মোট আয় (TR) = $OMNP$

মোট ব্যয় (TC) = $OMKL$


∴ লাভ (π) = $TR - TC$

$$= OMNP - OMKL$$

$$= LKNP$$

∴ ফার্ম $LKNP$ পরিমাণ লাভসহ ভারসাম্য অর্জন করে।

২. লোকসানসহ ভারসাম্য: স্বল্পকালে ফার্মের মোট আয় থেকে মোট ব্যয় বেশি হলে ফার্ম লোকসানসহ ভারসাম্য অর্জন করে। নিম্নে বিষয়টি চিত্রের সাহায্যে দেখানো হল:



চিত্রে e হলো ভারসাম্য বিন্দু ও OM হলো ভারসাম্য উৎপাদন।

$$\text{মোট আয় (TR)} = OMKL$$

$$\text{মোট ব্যয় (TC)} = OMNP$$


$$\therefore \text{লাভ } (\pi) = TR - TC$$

$$= OMKL - OMNP$$

$$= -LKNP$$

\therefore ফার্ম $LKNP$ পরিমাণ লোকসানসহ ভারসাম্য অর্জন করে।

৩. স্থির ভারসাম্য: স্বল্পকালে যখন ফার্মের আয় ও ব্যয় সমান থাকে তখন তাকে স্থির ভারসাম্য বলে।



চিত্রে e হলো ভারসাম্য বিন্দু ও OM হলো ভারসাম্য উৎপাদন।

$$\text{মোট আয় (TR)} = OMKL$$

$$\text{মোট ব্যয় (TC)} = OMKL$$

$$\begin{aligned}\therefore \text{লাভ } (\pi) &= TR - TC \\ &= OMKL - OMKL\end{aligned}$$

\therefore ফার্মরে স্থির ভারসাম্য $TR = TC = OMKL$ ।